পিরোজপুর ইউনিয়নে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি পথসভা

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পথসভা অনুষ্ঠিত হয়।

রবিবার বিকেলে মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের নুরপুর, বহরপুর, বোলিয়ারপুর, সোনাপুর, কাঁঠালপোতা সহ বিভিন্ন গ্রামে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য শামিম আরা হীরা, বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ্যাড. কাজী শহিদুল হক, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম মাস্টার, পিরোজপুর ইউনিয়ন কৃষকলীগের সভাপতি বাবলু খন্দকার সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

গাংনীতে ৩ দিন ব্যাপি উন্নয়ন মেলা স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন

“সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নে -উদ্ভাবনে স্থানীয় সরকার”এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাংনীতে জাতীয় স্থানীয় সরকার দিবস -২০২৩ উদযাপন উপলক্ষে ৩ দিন ব্যাপি উন্নয়ন মেলার উদ্বোধন করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে ৩ দিন ব্যাপি এই

(১৭-১৯ সেপ্টেম্বর) উন্নয়ন মেলার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী দিনে প্রধান অতিথি হিসেবে উন্নয়ন মেলার উদ্বোধন করেন, মেহেরপুর -২ গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নিবার্হী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন প্রমুখ্ ।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের নেতা মনিরুজ্জামান মাষ্টার, মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল রানা, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহ আলম হুসাইন, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা। উদ্বোধনের আগে আমন্ত্রিত অতিথিবৃন্দ মেলায় সজ্জিত ১৩ টি স্টল পরিদর্শন শেষে প্রধান অতিথি এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন মেলার উদ্বোধন করেন। সচিব ও গ্রাম পুলিশের সদস্যবৃন্দ ও সরকারী দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগন, শিক্ষক বৃন্দ, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

উন্নয়ন মেলা আকষর্ণীয় করতে এবং দর্শকদের আনন্দ-বিনোদন দিতে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গাংনীতে শহর সমন্বয় কমিটির সভা

অনুষ্ঠিত

গাংনীতে শহর সমন্বয় কমিটির (টিএলসিসি) সদস্যদের নিয়ে দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বেলা সাড়ে ১১ টার সময় গাংনী পৌরসভার আয়োজনে পৌরসভার সভাকক্ষে শহর সমন্বয় কমিটির (টিএলসিসি) সদস্যদের এই সভা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী।

গাংনী পৌরসভার সহকারী প্রকৌশলী ও ভারপ্রাপ্ত সচিব শামীম রেজার সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান, উপস্থিত ছিলেন, শহর সমন্বয় কমিটির সদস্য, কাউন্সিলর আছেল উদ্দীন, কাউন্সিলর আতিয়ার রহমান, হাফিজুর রহমান, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মহা: মনিরুল ইসলাম, গাংনী সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, পিএসকেএস’র প্রকল্প পরিচালক কামরুজ্জামান, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, সাবেক কাউন্সিলর সামসুদ্দীন, ছানোয়ার হোসেন বাবলু, আব্দুল হামিদ, এনামুল হক, নারীনেত্রী আয়েশা খাতুন, ফিরোজা বেগমসহ বিভিন্ন ওয়ার্ডের গন্যমান্য ব্যক্তিবর্গ ও কাউন্সিলর বৃন্দ উপস্থিত ছিলেন।

কর্মশালায় পানি সরবরাহ লাইন প্রতিস্থাপন, রাস্তা, সুপেয় পানি ব্যবস্থাপনা, বিনোদন স্পট, স্যানিটেশন –পয়ঃ নিষ্কাশন কার্যক্রম সুচারুরুপে বাস্তবায়নে টিএলসিসি’র সুপরামর্শ ও সার্বিক সহযোগিতা কামনা করা হয়। উন্নয়নমূলক কাজের গুনগত মান বজায় রাখা সম্পর্কে আলোচনা ও অবকাঠামো উন্নয়ন সম্পর্কে আলোচনা করা হয়।

এসময় টিএলসিসি সদস্যরা তাদের ওয়ার্ডের নানা সমস্যা তুলে ধরে প্রকল্প বাস্তবায়নে সুপারিশ করেন। শহর সমন্বয় কমিটির পরামর্শ ক্রমে গাংনী পৌরসভার উন্নয়ন করা হবে বলে মেয়র আশ্বাস দেন।

মুজিবনগরে স্থানীয় সরকার দিবসের র্যালী ও আলোচনা সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে র্যালী আলোচনা সভা ও ৩ দিন ব্যাপি উন্নয়ন মেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগরে স্থানীয় সরকার দিবস উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে রোববার সকাল ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্তরে শেষ হয়ে সেখানে উন্নয়ন মেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উন্নয়ন মেলার উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। আলোচনা সভায প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশলী জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, মুজিবনগর মডেল থানার এসআই হেকমত আলি ও উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ জহুরুল আমিন প্রমূখ।

উপজেলা পরিষদ সিএ শিমুল হোসাইন এর সঞ্চালনায় অনুষ্ঠানে ইউনিয়ন পরিষদ থেকে আগত উপকারভোগীগন, বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। ১৭, ১৮ ও ১৯ সেপ্টেম্বর ৩ দিনব্যাপী প্রত্যহ সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত উপজেলা পরিষদ চত্বরে স্থানীয় সরকার দিবস মেলা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়। মেলায় উপজেলা পরিষদ চত্বর, জনসাস্থ্য প্রকৌশল, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, সমবায় অফিস এলজিইডি, ইউনিয়ন পরিষদসহ বিভিন্ন দপ্তর স্টল বসাবেন। উল্লেখ্য, মেলায় জন্ম ও মৃত্যু সনদ প্রদান, ফ্রি চিকিৎসা সেবাসহ বিভিন্ন দপ্তরের সেবা সমূহ প্রদর্শন করা হবে।

গাংনীতে শিক্ষিকাকে হুমকী, থানায় জিডি

সহকর্মি শিক্ষিকার হাত থেকে বাঁচতে অবশেষে গাংনী থানায় সাধারণ ডাইরি (জিডি) করলেন সহকারি শিক্ষিকা লাবনী খাতুন। অব্যাহত হুমকী ধামকী ও অশালিন ভাষায় গালিগালাজের বিরুদ্ধে উপজেলা শিক্ষা অফিস ও গাংনী থানায় এই জিডি করেন তিনি।

ঘটনাটি গাংনী উপজেলার হাড়িয়াদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। অভিযুক্ত শিক্ষিকা শাম্মী আরা খাতুন একই বিদ্যালয়ের সহকারি শিক্ষিকা ও ধানখোলা গ্রামের সাজেদুল আলমের স্ত্রী। এঘটনায় গাংনী থানার সাধারণ ডাইরি (জিডি) নং ৫৭০।

ডাইরিতে লাবনী খাতুন অভিযোগ করেস, গত ১২ সেপ্টেম্বর বিদ্যালয় চলাকালিন সময়ে বেলা সাড়ে ১২ টার দিকে গানী উপজেলার হাড়িয়াদহ সরবারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষিকা শাম্মী আরা খাতুন, ওই বিদ্যালয়ের অপর শিক্ষিকা লাবনী খাতুন ও অন্য দুই শিক্ষিকা মিনারা আফরোজ ও শারমীন সুলতানাকেও অকথ্য ভাষায় গালিগাল করেন।

গালিগালাজের প্রতিবাদ করাই শাম্মী আরা বিদ্যালয়ের শিক্ষার্থীদের সামনেই লাবনী খাতুনকে অকথ্য ভাষায় গালাগাল ও হুমকী দেন। এর আগে গত বছর শীতের সময়ে তাকে ভ্যান চালকদের দিয়ে শায়েস্তা ও আগুনে পুড়িয়ে মারার হুমকী প্রদান করেছিলেন। ভ্যান চালকদের সাথে তার চুক্তি হয়েছে বলেও হুকীর সময়ে বলেন ওই শিক্ষিকা।

এই ব্যাপারে অভিযুক্ত শিক্ষক শাম্মী আরার সাথে মোবাইল ফোনে জানতে চাইলে তিনি বলেন, বিষয়টি শুনতে হলে স্কুলে আসতে হবে। আপনি স্কুলে আসেন তারপর শুনবেন। তিনি আরও বলেন, সব শিক্ষক তো আর তার হয়ে যায়নি।

এব্যাপারে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দীন বলেন, ঘটনাটি আমার জানা আছে। তবে, এঘটনায় ক্লাষ্টার অফিসার আলাউদ্দীনকে তদন্ত করতে পাঠানো হয়েছিল। সে এখনো আমাকে তদন্ত রিপোর্ট দেইনি। তদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর ব্যবস্থা নেওয়া

মেহেরপুরে যুব সমাবেশ অনুষ্ঠিত

জঙ্গিবাদ সন্ত্রাসবাদ ও মাদকবিরোধী কার্যক্রমে যুবদের ভূমিকা শীর্ষক আলোচনা সবার আয়োজন করা হয়। রবিবার দুপুরে মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরে জঙ্গিবাদ সন্ত্রাসবাদ ও মাদকবিরোধী কার্যক্রমে যুব সমাবেশ ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে যুব উন্নয়ন অধিদপ্তরের কম্পিউটার প্রশিক্ষক মাসুদ আল আহসান নবেলের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আজহারুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার পিপিএম সেবা রাফিউল আলম, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক আব্দুল হামিদ খান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মোঃ আব্দুস সালাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক শিরিন আক্তার, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন, বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান সহ বিভিন্ন নেতাকর্মী এবং মেহেরপুর যুব উন্নয়নের ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৩ দিন ব্যাপি স্থানীয় সরকার দিবস-২০২৩ উদ্বোধন

“সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উৎযাপিত হয়েছে।

রোববার (১৭ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টায় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের সামনে এসে শেষ হয়।

পরে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে আয়োজিত ৩ দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন ঘোষণা করা হয়। মেহেরপুর জেলা প্রশাসক মোঃ শামিম হাসানের সভাপতিত্বে মেলার উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, সাংবাদিকবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

গাংনীতে ৪র্থ লেখক-পাঠক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত

আড়ম্বর পরিবেশে গাংনীতে বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক-পাঠক ফোরামের ৪র্থ সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দিনব্যাপী বৃহত্তর কৃষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের আয়োজনে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

আয়োজনের মধ্যে ছিল লেখক পাঠকদের পরিচিতি ও সংক্ষিপ্ত আলোচনা সভা ও স্বরচিত কবিতা পাঠ।

সম্মেলনে গাংনী উপজেলা, চুয়াডাঙ্গা, জীবননগর, দামুড়হুদা, কুষ্টিয়া, আলমডাঙ্গা, মেহেরপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা কবি-সাহিত্যিক ও পাঠকবৃন্দ অংশ গ্রহণ করেন।

দিনব্যাপি এ আয়োজনে সভাপতিত্ব করেন, বৃহত্তর কুষ্টিয়া জেলা লেখক-পাঠক ফোরামের আহ্বায়ক শিক্ষাবিদ ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

এস এম সায়েম পল্টু ও বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেমের যৌথ সঞ্চালনায় সম্মেলনের ১ম পর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধনী বক্তব্য রাখেন, মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম। প্রধান আলোচক ছিলেন, প্রথিতযশা সাহিত্যিক চুয়াডাঙ্গা সরকারী কলেজের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, কুষ্টিয়া সাহিত্য সাংস্কৃতি সংগঠক ও সাবেক শিক্ষক আলম আরা জঁই, চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি নজমুল হেলাল, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম প্রমুখ।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিশিষ্ট কলামিষ্ট ও জেলা লেখক পাঠক ফোরামের সেক্রেটারী সাংবাদিক রফিক উল আলম, হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মুক্তিযোদ্ধা আবুল কাশেম, চুয়াডাঙ্গা থেকে আগত সাহিত্যিক, ছড়াকার দৈনিক মাথাভাঙ্গার বার্তা সম্পাদক আহাদ আলী মোল্লা, সাংস্কৃতিক সংগঠক ও কবি তৌহিদ হোসেন, শিক্ষক আবুল কাশেম, রাবেয়া খাতুন রাবু, হাফিজুর রহমান, শফিউল ইসলাম, আলমডাঙ্গার সাবেক সাংসদ মকবুল হোসেন, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সেক্রেটারী সাহিত্যিক খন্দকার হামিদুল ইসলাম আজম, জামসিদুল হক মনি, জাহাঙ্গীর হোসেন, গাংনীর নুরজাহান বেগম, জাকিয়া আক্তার আলপনা, দিলারা আফরোজ, তানিয়া জামান পিংকী, শিশু কবি নওরিন জাহান রুষা, স্নেহা, প্রমুখ।

২য় পর্বে সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম ও এসএম সায়েম পল্টুর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রভাষক ফজিলা ইসলাম ফৌজি, সৈয়দ জাকির হোসেন, শফি কামাল পলাশ, আবুল কাশেম অনুরাগী,

গীতিকার শহিদুল ইসলাম শাওন, গীতিকার আব্দুল হামিদ, গীতিকার আব্দুর রাজ্জাক, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু, গীতিকার ও সাংবাদিক জুলফিকার আলী কাননসহ বৃহত্তর কুষ্টিয়া জেলার বিভিন্ন উপজেলা থেকে শতাধিক কবি সাহিত্যিক অংশগ্রহন করেন । উপস্থিত সকল কবি সাহিত্যিক বৃন্দ তাদের স্ব-রচিত কবিতা উপস্থাপন করেন।

পরিশেষে কুষ্টিয়া জেলা লেখক পাঠক ফোরামের পক্ষ থেকে বিশিষ্ট ছড়াকার -কবি হিসাবে স্বীকৃতি লাভ করায় চুয়াডাঙ্গার দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার সিনিয়র সাংবাদিক ও বার্তা সম্পাদক কবি আহাদ আলী মোল্লাকে সম্মাননা স্মারক ক্রেষ্ট উপহার প্রদান করা হয়।

শেষে অতিথিবৃন্দ সম্মেলনের ভূঁয়শী প্রশংসা করে মূল্যায়ন বক্তব্য রাখেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাকের বিদায় সংবর্ধনা

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাককে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতে উপজেলা শিল্পকলা একাডেমিতে এ সংবর্ধনা প্রদান করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, গাংনীর শিক্ষাবিদ ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী থানার বিদায়ী ওসি আব্দুর রাজ্জাক।

সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সিনিয়র সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী আমিরুল ইসলাম অল্ডাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, তুলা উন্নয়ন বোর্ডের সাবেক কর্মকতার আব্দুল ওয়াদুদ, দেবীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল

ইসলাম, সাংস্কৃতিক কমী আজিজুল হক রানু ।

এছাড়াও অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির শিক্ষক এস এম সেলিম রেজা, সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী সাহাজুল ইসলাম সাজু, চ্যানেল আই ক্ষুদে গানরাজ কন্ঠশিল্পী উদয় বাউল, প্রভাষক ও সাংবাদিক রফিকুল ইসলাম বকুল, কণ্ঠশিল্পী রোজিবুল ইসলাম, ও সাংবাদিক সাইদ হাসান প্রমুখ।

উল্লেখ্য, গাংনী থানার ওসি মোহাম্মদ আব্দুর রাজ্জাক বদলীজনিত কারনে যশোরের কতোয়ালী থানায় যোগদান করবেন। তিনি গাংনীতে ১ বছর ১০ মাস কর্মরত ছিলেন।

মুজিবনগরে গাঁজাসহ যুবক আটক

২৫০ গ্রাম গাঁজাসহ মনিরুল ইসলাম ওরফে রানা (২৪) নামের এক যুবককে আটক করেছে মুজিবনগ থানা পুলিশ। আটক মনিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামের নুরন্নবী বাঙ্গালের ছেলে।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি দল আজ রবিবার (১৭ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে মানিকনগর গ্রামে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করেন।

এসআই আব্দুর রাজ্জাক বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মানিকনগর গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ রানাকে আটক করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় একটি দিয়ে রানাকে আজ রবিবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।